

গণতান্ত্রিক ছাত্র ঐক্যের অভিযোগ টাঃবিঃ কর্তৃপক্ষ মস্তানদের বৈধতা দিয়েছে

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)
গণতান্ত্রিক ছাত্র ঐক্য অভিযোগ করেছে, ঢাকা বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট সন্ত্রাসীদের বিরুদ্ধে কোন ব্যবস্থা না নিয়ে সন্ত্রাসবিরোধী মিছিল করার কারণে তাদেরকে কারণ দর্শাও নোটিশ দেয়ার হীন প্রচেষ্টা চালাচ্ছে। তারা সিন্ডিকেটের এ সিদ্ধান্তকে একচেঁা নীতি আখ্যায়িত করেছে এবং এ সিদ্ধান্তের নিন্দা জানিয়েছে। তারা এ সিদ্ধান্ত প্রত্যাহারের দাবি জানিয়েছে।

গতকাল রোববার সন্ধ্যায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধুর ক্যান্টিনে এক সাংবাদিক সম্মেলনে ছাত্র ঐক্য নেতৃবৃন্দ এ অভিযোগ করেন। সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন নুরুল ইসলাম। উপস্থিত ছিলেন হাসান হাফিজুর রহমান সোহেল, দীপংকর সাহা, দীপু, মোঃ মিজান, মঞ্জুর-এ-খোদা টরিক, হাসান তারিক চৌধুরী সোহেল, শরিফুজ্জামান শরীফ, সার্বা আলী খান কলিঙ্গ, মমতাজুল আলম ইলু।

নেতৃবৃন্দ অভিযোগ করেন বিশ্ববিদ্যালয় প্রশাসন কত্রিম সমঝোতার নামে হলগুলোতে পুনর্বাসনের মধ্য দিয়ে মস্তানদের বৈধতা দিয়েছে। হলগুলো বহিরাগত ও সন্ত্রাসমুক্ত না করে শিক্ষার পরিবেশ ফিরিয়ে আনার প্রচেষ্টা পুহসন ছাড়া আর কিছু নয়। নেতৃবৃন্দ শিক্ষাঙ্গন থেকে সন্ত্রাসীদের উচ্ছেদ, অবৈধ অস্ত্র উদ্ধারসহ সন্ত্রাসের অঙ্কহাতে ছাত্র রাজনীতি, বন্ধের চক্রান্ত প্রতিহত করার প্রত্যয়ে এবং কারণ দর্শাও নোটিশ দেয়ার সিদ্ধান্ত প্রত্যাহারের দাবিতে আগামীকাল রোববার ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল এবং

আগামী ২৯শে মে টিএসসিতে ছাত্র, শিক্ষক, অভিভাবক, বুদ্ধিজীবী এবং বিভিন্ন শ্রেণী-পেশার সমন্বয়ে সমাবেশের কর্মসূচি ঘোষণা করেছে।

এছাড়া ঢাকা বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়সহ দেশব্যাপী শিক্ষাঙ্গনসমূহে সরকারি ছাত্র সংগঠনের সন্ত্রাস ও দখল প্রক্রিয়া বন্ধ, অস্ত্রধারী সন্ত্রাসীদের গ্রেফতার ও বিচারসহ খুন, রাহাজানি, শিশু ধর্ষণ, ছিনতাই বন্ধ করে ক্যাম্পাসে শিক্ষার সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনা এবং জনজীবন থেকে নিরাপত্তাহীনতা ও অনিশ্চয়তা দূর করার দাবিতে গতকাল সকাল ১১টায় চার ছাত্র সংগঠনের উদ্যোগে বিজয়নগর সড়ক থেকে বিক্ষোভ মিছিল ও স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে ঋারকলিপি পেশ করা হয়েছে।

বিক্ষোভ মিছিল শুরুর প্রাক্কালে সংক্ষিপ্ত সমাবেশে বক্তৃতা করেন জাতীয় ছাত্র সমাজের সভাপতি আবদুল্লাহ আল মাসুদ, বাংলাদেশ ছাত্রলীগ (মো-ই)-এর সভাপতি মোমেন বাবুল, প্রগতিশীল জাতীয়তাবাদী ছাত্রদের সভাপতি মোতাহার হোসেন, চৌধুরী হাশেম গণতান্ত্রিক ছাত্রলীগের সাধারণ সম্পাদক খোকন চন্দ্র দাস প্রমুখ।